গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
বৃত্তি, পুরস্কার ও এওয়ার্ড
www.bncu.gov.bd
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৮.৬৩.০০১.২২.৮

তারিখ: ৩০ আষাঢ়.১৪২৯
১৪ জুলাই ২০২২

বিষয়: **The UNESCO-Al Fozan International Prize for the Promotion of Young Scientists in STEM- এর প্রচার ও মনোনয়ন প্রেরণ সম্পর্কিত।**

সূত্র: Ref.: CL/4390

উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, **The UNESCO-Al Fozan International Prize for the Promotion of Young Scientists in STEM** - এর জন্য বাংলাদেশ হতে মনোনয়ন আহবান করা হয়েছে। সৌদিআরব ভিত্তিক আল ফোযান ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় Science, Technology, Engineering ও Mathematics(STEM) বিষয়ে শিক্ষা অর্জন, গবেষণা ও সামাজিক উন্নয়নে আন্তর্জাতিক সহযোগিতা প্রদানের ক্ষেত্রে তরুণদের বিশেষত নারীদের আগ্রহী করে তোলা ও STEM কে ক্ষেত্র হিসেবে বেছে নেওয়া তরুণ বিজ্ঞানী ও গবেষকদের আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে তাদের উন্নীত করার লক্ষ্যে প্রথমবারের মতো এই পুরস্কার প্রদান করা হচ্ছে। প্রতি **দুই বছর অন্তর** ইউনেস্কোর পাঁচটি ভৌগলিক এলাকা থেকে মোট **পাঁচজন** ব্যক্তিকে এই পুরস্কার প্রদান করা হবে। এ ক্ষেত্রে মহিলা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। প্রত্যেক বিজয়ীকে **পঞ্চাশ হাজার** (৫০,০০০) ইউএস ডলার, একটি ডিপ্লোমা ও মেডেল প্রদান করা হবে। জুরীর সুপারিশ এবং মূল্যায়নের উপর ভিত্তি করে ইউনেস্কোর মহাপরিচালক বিজয়ীদের নির্বাচিত করবেন।

UNESCO-Al Fozan International Prize for the Promotion of Young Scientists in STEM এর মনোনয়নের ক্ষেত্রে নিম্নলিখিত যোগ্যতা বিবেচনা করা হবে –

- আবেদন করার সময় প্রার্থীর বয়স অবশ্যই ৪০ বছরের কম হতে হবে।
- Candidates must be actively involved in STEM at the time of application to the prize.
- The candidates shall have earned recognition for their significant achievement or contribution to:
- Research in the STEM including the emerging technologies or;
- STEM education, dissemination of research findings, as well as creativity & innovation or;
- International or regional cooperation in STEM

প্রার্থীদের https://unescoalfozanprize.org/ লিংকে প্রবেশ করে **বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের মাধ্যমে** আবেদন দাখিল করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত পুরস্কারের জন্য আয়োজক সংস্থা কর্তৃক নির্ধারিত শর্তসমূহ ও যোগ্যতা বিবেচনাপূর্বক উপযুক্ত প্রার্থী থাকলে অফিস প্রধানের অগ্রায়ন পত্রসহ মনোনীত প্রার্থীর পূরণকৃত মনোনয়ন ফরম ও আনুষঙ্গিক

কাগজপত্রসহ (এক সেট হার্ড কপি এবং সফট কপি) আগামী **১৫ অক্টোবর ২০২২** খ্রিষ্টাব্দের মধ্যে **বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (০১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

১৭-৭-২০২২
জনাব মো: সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল

বিতরণ :

১) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর,
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৮.৬৩.০০১.২২.৮/১(৩)

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯
১৪ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) প্রোগ্রাম অফিসার (আইসিটি), তথ্য ও যোগাযোগ শাখা, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

১৭-৭-২০২২
জনাব মো: সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল